



# বনানী ডিওএইচএস পরিষদ BANANI DOHS PORISHOD

বিডিপি/নির্দেশিকা/১৮/এ

২০ মে ২০২৬

পবিত্র ঈদুল আজহা ২০২৬ কার্যক্রম সম্পর্কিত নির্দেশিকা

বনানী ডিওএইচএস পরিষদ কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ঈদুল আজহা ২০২৬ এর কার্যক্রম নিম্নরূপভাবে অনুষ্ঠিত হবে।

১। ঈদের নামাজের নির্দেশিকাঃ

ক।	জামাত :	০১ টি
খ।	সময় :	০৭৩০ ঘটিকা
গ।	স্থান :	বনানী ডিওএইচএস জামে মসজিদ

কোরবানীর নির্দেশিকাঃ

- ১। পবিত্র ঈদুল আজহা উপলক্ষে ০২ (দুই) দিন পশু কোরবানী করা যাবে। বিভিন্ন মাদ্রাসা হতে পশু জবাইয়ের কাজে সহায়তাকারীদেরকে সকল রোডে ভাগ করে দেয়া হয়। পশু জবাই কাজে সহায়তাকারীগণ কোন অর্থ দাবি করতে পারবেন না, তবে বাসিন্দাগণ নিজ ইচ্ছা অনুযায়ী হাদিয়া দিতে পারবেন।
- ২। কোরবানীর পশু ঈদের ০৩ দিন পূর্বে (২৫ মে ২০২৬) হতে ডিওএইচএসের অভ্যন্তরে প্রবেশ করানো যাবে, পশু কোন অবস্থাতেই প্রধান রাস্তায় রাখা যাবে না। নিজ নিজ বাড়ির সীমানার মধ্যে রাখার জন্য অনুরোধ করা হলো।
- ৩। কোরবানীর পশু বানানোর কাজে বাসিন্দাগণকে নিজ ব্যবস্থায় কসাই বন্দোবস্ত করার জন্য অনুরোধ করা হলো। কোরবানীর পশু জবাই ও প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় জনবল এবং প্রতি গরুর জন্য কসাই এর সাথে ৪/৫ জন সাহায্যকারীদের বনানী ডিওএইচএস এর অভ্যন্তরে সকাল ০৬:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত প্রবেশ করতে দেওয়া হবে। যে সকল বাসিন্দা মনোনিত ব্যক্তিদের দ্বারা কোরবানীর পশু জবাই করাতে ইচ্ছুক তাদেরকে অব্যশই উক্ত ব্যক্তিদের নাম ও মোবাইল নম্বর সাথে নিজেদের নাম, মোবাইল নম্বর, হাউজ, ফ্ল্যাট এবং রোড নং সহ তালিকা কোরবানীর ০১ (এক) দিন পূর্বে কাকলী সংলগ্ন ১ নং মেইন গেইটের গার্ড কন্ট্রোল রুমে লিপিবদ্ধ করার জন্য প্রেরণ করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ৪। যে সকল বাসিন্দা পশুর চামড়া দান করবেন পরিষদের পক্ষ থেকে সংগ্রহ করে তা এতিমখানা/মাদ্রাসার মাঝে আনুপাতিকহারে ভাগ করে দেয়া হবে। বাসিন্দাগণ পশুর চামড়া বিক্রয় করতে চাইলে নিজ দায়িত্বে কাকলী সংলগ্ন ১ নং মেইন গেইটে অপেক্ষমান ক্রেতার নিকট বিকাল ৩ টা হতে ৫ টা পর্যন্ত বিক্রয় করতে পারবেন।
- ৫। যে সকল বাসিন্দাগণ পরিষদ গার্ড, ক্রিনার, অফিস স্টাফ, মসজিদের স্টাফ এবং জরুরি চিকিৎসা সেবা কেন্দ্রের স্টাফদের কোরবানীর মাংস প্রদান করতে ইচ্ছুক তাদের নিজস্ব হাউজের কেয়ারটেকার দিয়ে পলিব্যাগে হাউজের নিচে মাংস জমা রাখবেন। পরিষদের সিকিউরিটি গার্ড কর্তৃক কেন্দ্রীয়ভাবে সকল হাউজ হতে মাংস সংগ্রহ করা হবে।
- ৬। কোরবানির পশু রাস্তায় জবাই সম্পূর্ণভাবে নিষেধ। সেক্ষেত্রে গ্যারেজ বা হাউজের সীমানার মধ্যে পশু জবাই সহ কোরবানির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

Telephone: +88 02 8714697

E-mail : infodohsbanani@gmail.com

Web : www.bananidohs20@gmail.com

Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

০২ এর ০১



# বনানী ডিওএইচএস পরিষদ

## BANANI DOHS PORISHOD

- ৭। সম্মানিত বাসিন্দাগণের আগত মেহমান ঈদের দিন মাংস বিতরণ এর উদ্দেশ্যে আগমন করলে তাদের পরিচয় নিশ্চিত করে প্রবেশাধীকার দেয়া হবে। এছাড়া **Online** এ মাংসের চাহিদা থাকলে সরবরাহকারীদের নাম ও মোবাইল নম্বর সাথে নিজেদের নাম, মোবাইল নম্বর, হাউজ, ফ্ল্যাট এবং রোড নং সহ তালিকা কাকলী সংলগ্ন ১ নং মেইন গার্ড রুমে/পরিষদ অফিসে জানানোর জন্য অনুরোধ করা হলো।
- ৮। কোরবানীর পশুর নাড়ী-ভূড়ি ও অন্যান্য বর্জ্য ড্রেনে ফেলা যাবে না। পরিষদের তত্ত্বাবধানে কোরবানীর বর্জ্য অপসারণ ও **Environment & Cleaning** সাব-কমিটি কর্তৃক বর্জ্য দ্রুততার সহিত পরিষ্কারের ব্যবস্থা করে নিশ্চিত করতে হবে।
- ৯। কোরবানীর কার্যক্রম সম্পূর্ণভাবে শেষ হলে নিজ দায়িত্বে মাংস প্রক্রিয়ার স্থল ব্লিচিং পাউডার/ফিনাইল দিয়ে ভালভাবে ধুয়ে ফেলুন যাতে আপনার নিজ আঙ্গিনা পরিষ্কার ও দূষনমুক্ত হয় এবং আপনার প্রতিবেশী দূষণ ও দুর্গন্ধমুক্ত থাকে।
- ১০। কোরবানি শেষে কোরবানির কাজে ব্যবহৃত চাটাই/বস্তা ০৪ ভাঁজ করে বেধে হাউজ এর গেটের সম্মুখে রাখতে হবে।
- ১১। কোরবানির পশুর বর্জ্যসহ সকল বর্জ্য অবশ্যই প্যাকেটজাত করে হাউজের গেটের সম্মুখে দুপুর ০৩ টার পূর্বে রাখতে হবে, কোন ভাবেই খোলা অবস্থায় রাখা যাবে না। পর্যাপ্ত পরিমাণ গার্বের্জ পলিব্যাগ কাকলী সংলগ্ন ১ নং গেইটে মজুদ রাখা হয়েছে। আপনাদের প্রয়োজন অনুসারে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। প্রতিটি পলি ব্যাগের মূল্য ১৫/-টাকা, সাইজ দৈর্ঘ্য ২.৫ ও প্রস্থ ২ ফিট। পলি ব্যাগ ক্রয়মূল্যে বিক্রয় করা হবে। তবে ০১ টি পলি ব্যাগ বিনামূল্যে প্রদান করা হবে।
- ১২। কোরবানীর পশু ট্রাক থেকে নামানোর সুবিধার্থে মসজিদ রোড সংলগ্ন সেন্ট্রাল গার্বের্জ স্টেশনের পাশে উঁচু বিট তৈরী করা হয়েছে।
- ১৩। কোরবানীর বর্জ্য আমিনবাজার, ঢাকাতে অপসারণ করা হয়। এ কাজে ৬ টি ছোট ট্রাক ভাড়া, পরিচ্ছন্নতা কর্মীদের পারিশ্রমিক এবং ব্যানার বাবদ আনুমানিক ৮১,৫০০/- (একশি হাজার পাঁচশত) মাত্র টাকা ব্যয় হবে, বিধায় উক্ত ব্যয়ভার পূরণের নিমিত্তে প্রতিটি গরু প্রতি ৫০০/-টাকা ও প্রতিটি ছাগল প্রতি ১০০/-টাকা বর্জ্য পরিষ্কার চার্জ নির্ধারণ করা হলো।
- ১৪। কোরবানীর এই ত্যাগ ও মহিমান্বিত কাজটি সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য আপনাদের স্বতঃস্ফূর্ত ও আন্তরিক সহযোগিতা একান্তকাম্য।
- ১৫। সকলকে ঈদুল আজহা ২০২৬ এর অফুরন্ত শুভেচ্ছা।

আলী বখতিয়ার মাহমুদ মেহেদী  
ভাইস প্রেসিডেন্ট ও  
ভারপ্রাপ্ত সেক্রেটারী

বিতরণ:

কার্যক্রম:

বনানী ডিওএইচএসের সম্মানিত বাসিন্দাগণ

Telephone: +88 02 8714697  
E-mail : infodohsbanani@gmail.com  
Web : www.bananidohs20@gmail.com  
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

০২ এর ০২